

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআনের আয়াত দ্বারা তাবীয় লিখা বৈধ নয়। বৈধ নয় কুরআনের আয়াতকে কোন প্রকার অসম্মান ও অপবিত্রতার স্থানে পতিত করা

আল্লাহর বান্দা! কুরআন শিক্ষা করুন। কুরআন বুঝে কুরআন তিলাওয়াত করুন। তার উপর আমল করুন। কুরআনের তা'যীম ও সম্মান করুন এবং কুরআনকে সর্বপ্রকার অসম্মান ও অপবিত্রতার হাত হতে রক্ষা করুন। আল্লাহ আপনাকে তওফীক দিন। আমীন।

বলাই বাহুল্য যে, কুরআনকে কেবল সুন্দর বাক্স বা জুজদানে ভরে তাকে তুলে রেখে তার প্রতি সম্মান প্রদর্শন যথেষ্ট নয়। আসলে কুরআনের কথা না মানলে সেটাই হয় তার প্রতি বড় অসম্মান প্রদর্শন। স্ত্রী তার স্বামীর যতই প্রশংসা করুক না কেন, যতই সম্মান প্রদর্শন করুক না কেন, সে সম্মানের আতিশয্যে যদি স্বামীর নাম মুখেও না নেয়, কিন্তু স্বামীর কথা না শোনে ও না মানে, তাহলে সে স্ত্রী নিশ্চয়ই প্রেম ও পুণ্যময়ী স্ত্রী নয়।

অতএব আপনার-আমার কর্তব্য কুরআনের যথার্থ কদর ও সম্মান করা, বাহ্যিক ও আনুষ্ঠানিক সম্মান প্রদর্শন ফলপ্রসূ নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7925

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন